গয়াখণ্ড।

পরগণে কাগমারি, সন্তোষবাসী

শ্রীআনন্দচন্দ্র চক্রবর্ত্তী কর্ত্তৃক

প্রণীত ও প্রকাশিত।

কলিকাতা।

১৩ নং রামনারায়ণ ভট্টাচার্য্যের লেন,

গ্রেট ইডিন্ প্রেসে,

শ্রীঅমৃতলাল মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত

সন ১২৯১ সাল।

বিজ্ঞাপন।

এই উনবিংশ শতাব্দিতে বঙ্গ সাহিত্য-সমাজে যে সমস্ত পুস্তক রচিত হইয়া আদরণীয় হইতেছে তাহার নিকট আমার ন্যায় লোকের লিখিত পুস্তক উপস্থিত করা যে' দুঃসাহসের কার্য্য তাহা ভিন্ন অন্য কিছু নহে

বিস্তৃত পুরাণ হইতে উদ্ধৃত না করিয়া গয়া ক্রিয়া প্রণালী সাধারণের সহজে জানিবার উপযোগী কোন পুস্তক দেখা যায় না এতন্নিবন্ধন মহাভারতীয় শান্তিপর্ব্ব ও বায়ুপুরাণাদি অবলম্বন পূর্ব্বক এই ক্ষুদ্র পুস্তকখানি লিখিয়াও মুদ্রিত করিতে সাহস করিয়া ছিলাম না এইক্ষণে কতিপয় মহোদয়গণের উৎসাহ এবং পরগনে কাগমারি প্রভৃতির ভূম্যাধিকারিণী শ্রীশ্রীমতী জাহ্নবী চৌধুরাণী মহাশয়ার অনুমত্যানুসারে গয়াখণ্ড নামে এই পুস্তকখানি মুদ্রিত করিলাম সৎপ্রসঙ্গ বলিয়া হিন্দুধর্ম্মানুরাগী মহোদয়গণ একবার পাঠ করিলে পরিশ্রম সফল বোধ করিব

আমার পরম আত্মীয় শ্রীযুক্ত শরৎচন্দ্র ভট্টাচার্য্য পণ্ডিত মহাশয় যথেষ্ট সাহায্য করায় তাঁহার নিকট কৃতজ্ঞ রহিলাম।

১২৯১ সন
মাঘ

শ্রীআনন্দচন্দ্র চক্রবর্ত্তী,
সাং সন্তরাপুর হাল সাং সন্তোষ।

গ্রন্থ সূচনা।

গয়াখণ্ড।

পিতা, মাতা ও সন্তানের কর্ত্তব্য

যে পিতৃ প্রসাদে করি শরীর ধাবণ ।
ভূমণ্ডলে আজি মোবা করি বিচরণ ।
কত দুখ সহি কত করিয়ে যতন ।
শৈশবে করেন যিনি শবীর পোষণ ॥
জনক যদ্যপি পান সুখাদ্য কখন ।
আপনি না খেয়ে সুতে করান ভোজন ।
বাল্যে যাঁর শিক্ষালাভ করি নবগণ ।
বলিবারে পারে যত জাতীয় বচন ॥
প্রথমে যাঁহার কাছে লভি জ্ঞান ধন ।
ঈশ্বরের সৃষ্ট বস্তু চিন হে এখন ।
এমন জনকে নাই কৃতজ্ঞতা যাঁর ।
জগতে নাহিক মূঢ় সমান তাহার ।
যে জননী দশ মাস গর্ব্ভেতে ধারণ ।
করিয়ে সহেন কত কষ্ট জ্বালাতন ।
প্রসব সময়ে হয় সংশয় জীবন ।
লভিতে বাসনা তবু সন্তান রতন ॥

যখন হেরেন তিনি সন্তান বদন ।
সব দুখ পাসরিয়ে থাকেন তখন ॥
ভূমিষ্ঠ হইলে শিশু থাকয়ে অজ্ঞান ।
স্তনদুগ্ধ দিয়ে যিনি রাখেন পরাণ ॥
মল মূত্রে ঘৃণা নাহি করেন কখন ।
কেবল সন্তান দেহ রক্ষার কারণ ॥
সন্তান শরীরে রোগ হইলে কখন ।
অকূল সাগরে মাতা ভাসেন তখন ॥
আহার শয়ন নিদ্রা করি বিসর্জ্জন
সন্তানের হিত সদা করেন মনন ॥
স্নেহময় হেন পিতা মাতারে তুষিতে
করি কি যতন মোরা এসে অবনীতে
তাঁদের অনন্ত ঋণ কে শুধিতে পারে ।
জীবিত থাকিতে কিম্বা গেলে লোকান্তরে
উত্তরী ধারণ আর অশৌচ পালন ।
করিলে না শোধ হয় সে ঋণ কখন ।
তাঁহাদের প্রিয়কার্য্যে রাখিবেক মন ।
জীবিতে আদেশ সদা করিবে পালন ॥
দেহ অন্তে পরলোক করিলে গমন ।
পারত্রিক সুখ হেতু করিবে যতন ॥

সন্তান কর্ত্তব্য যত আছে সুবিহিত।
সব চেয়ে গয়া কার্য্য শাস্ত্রে প্রশংসিত ॥
অতএব পিতৃলোক সন্তোষ কারণ।
সমুচিত সন্তানের গয়াতে গমন ॥
বিধিমতে বিষ্ণুপদে পিণ্ড যদি পড়ে।
পিতৃলোক তৃপ্ত হ'য়ে যান সুরপুরে ॥

গ্রন্থ সূচনা।

পুত্রপ্রয়োজনা ভার্য্যা পুত্রঃ পিণ্ডপ্রয়োজনঃ।
পিণ্ডপ্রয়োজনা মুক্তিরেতস্মিন্নাস্তি সংশয়ঃ ॥

অস্যানুবাদঃ

পরিণয় করে লোকে অপত্য কারণ।
পিণ্ড প্রয়োজনে করে পুত্র আকিঞ্চন ॥
মুক্তির কারণ হয় পিণ্ড প্রয়োজন।
সংশয় নাহিক ইথে শাস্ত্রের কথন

পুত্রলক্ষণং

জীবিতে বাক্যপালঞ্চ মৃতাহে ভূরি ভোজনং।
গয়ায়াং পিণ্ডদানঞ্চ ত্রিভিঃ পুত্রস্য পুত্রতা।

অস্যানুবাদঃ

জীবিতে যে করে পিতৃ বাক্যের পালন।
মৃতাহে যে বহুজন করায় ভোজন ॥

গয়াধামে বিষ্ণুপদে পিণ্ড সমর্পণ।
যে করে পিতার হয় সুপুত্র সে জন ॥

এক পুত্র সত্ত্বে বহু পুত্রের ইচ্ছা

এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ।
যজেদ্বা অশ্বমেধঞ্চ নীলং বা বৃষমুৎসৃজেৎ ॥

অস্যানুবাদঃ

বহু পুত্র মধ্যে কেহ গয়া পিণ্ড দিবে।
মহা যাগ অশ্বমেধ কে হবা করিবে
কেহ নীল বর্ণ বৃষ করিবেক দান।
যাহে মানবের হয় স্বরগে প্রয়াণ।
এহেতু মানবে করে বহুপুত্রে আশ।
সুপুত্রের কার্য্য হয় ত্রিদিবে নিবাস।



গ্রন্থারম্ভ।

গদাধরের স্তুতি

নম গদাধর, বিশ্বের ঈশ্বর,
নম পতিতপাবন।
বর্ণিতে তোমার, মহিমা অপার,
নাহি পারে দেবগণ॥

পারিবে কেমনে, এ অধম জনে,
করিতে গুণ বর্ণন।
অবাধ্য বাসনা. তবু ত বুঝে না,
তাই করেছি মনন
হে দয়ানিধান, বিভো যথা জ্ঞান,
বর্ণিব হে তব গুণ।
ওহে ক্ষেমঙ্কর, আজি ক্ষমা কর,
ভকত হৃদয়-ধন
মানস বিনোদি, শঙ্খ, চক্র আদি,
গদা, পদ্ম বিভূষণ।
অতি মনোহর, তব চারি কর,
করে কিবা সুশোভন।
অতি অপরূপ, ও পবিত্র রূপ,
যে দেখেছে দয়াময়।
অতি নিরমলে, ভকতি সলিলে,
সে জন মগন হয়
অমর বিনোদে, তোমার ও পদে,
জাহ্নবীর জন্ম হয়
যার পুণ্য-বারি, পরশন করি,
তরিতেছে পাপিচয়॥

ভুবন মাঝারে, দশ অবতারে,
কত না লীলা করিলে
বলিকে ছলিতে, নিজ ইচ্ছামতে,
তুমি হে বামন হ'লে
গয়াসুর শিরে, তব পদ'পরে,
পিণ্ড দান যদি করে।
তোমার কৃপায়, পিতৃলোক যায়,
অক্ষয় স্বরগপুরে
পবিত্রতা ধাম, গদাধর নাম,
স্মরে যে ভকত জনে।
কি বিচিত্র ভাব, হয় অবির্ভাব,
তখনি তাহার মনে
কাষ্ঠ হেমময়, শিলা নর হয়,
ও চরণ পরশনে
বহু তপস্যায়, জানে কি তোমায়,
নর কি অমরগণে।
ভবসিন্ধু পারে, ডাকিলে তোমারে,
কাতরে ভকত জনে।
হ'য়ে কর্ণধার, কর তুমি পার,
আপন করুণা গুণে॥

জানিছে তোমার, করুণা অপার,
তাই এ অধম নরে।
কিঞ্চিৎ করুণা, করিছে যাচনা,
ক্ষুদ্র চিন্তা নদীপারে ॥
দুঃসাহস তরি, আরোহণ করি,
চলিছে এ মূঢ়মতি
অজ্ঞানের ঝড়, হেরি ভয়ঙ্কর,
হ'য়েছে শঙ্কিত অতি
এ তিন ভুবন, অধম তারণ,
তুমি বিনে কোন্‌জন।
তাই হে এবার, কর দিনে পার,
দয়া করি বিতরণ।
আনন্দ কারণ, নিরানন্দ মন,
আনন্দের এ মনন
হে আনন্দ ধাম, গয়াখণ্ড নাম,
গ্রন্থ কর সুপূরণ।

মহাভারতীয় শান্তিপর্ব্বোক্ত গয়াসুরের জন্ম।

ছিল মহাবীর্য্যধর, সকল দনুজবর,
ত্রিপুরাখ্য দৈত্য একজন।

সমরে এ দৈত্যবরে, কেহ না জিনিতে পারে,
যার ভয়ে ভীত সুরগণ।
আসিয়ে ত্রিপুর ঘরে, একদিন বীরবরে,
বলেন নারদ তপোধন।
তব ভার্য্যা প্রভাবতী, মহাসতী গর্ব্ভবতী,
প্রসবিবে যে পুত্র রতন॥
হবে সে বিখ্যাত বীর, কেহ না রহিবে স্থির,
আছে যত মহাবীরগণ।
বিশেষ কি কব আর, অমরো ডরিবে তার,
বীরত্ব করিলে দরশন।
এক ছত্র নরপতি, হইবে সে মহামতি,
পুণ্যক্ষেত্রে করিবে সৃজন
তাই ধর মম বাণী, যিনি হে ত্রিশূলপাণি,
তাঁর সহ হবে তব রণ॥
গর্ব্ভবতী রমণীরে, রেখনা আপন ঘরে,
নিয়ে যাও শ্বশুর সদন
এ বলিয়ে মহামতি, নারদ সত্বর অতি,
অন্তর্ধ্যান হ'লেন তখন॥
নারদের উপদেশে, যাইয়ে শ্বশুর বাসে,
ভার্য্যারে রাখিল বীরবর।

আসিয়ে শঙ্কর সনে, যুদ্ধ করি প্রাণপণে,
অবশেষে ত্যজে কলেবর ॥
ত্রিপুরে বিনাশ করি, নাম হ'ল ত্রিপুরারি,
শঙ্করের এ তিন ভুবন
সময়ে সে প্রভাবতী, পিতার আলয়ে সতী,
প্রসবিলা একটী নন্দন ॥
ধীরত্ব বীরত্ব ধাম, গয়াসুর হ'ল নাম,
যার ভয়ে কম্পিত অমর।
যাইয়ে শুক্রের স্থানে, বহু দিন সযতনে,
বিদ্যা উপার্জ্জিল সুবিস্তর ॥
একদিন দৈত্যবরে, নিজ জননী গোচরে,
দুখমনে করে নিবেদন।
হইয়ে জনক হীন, আছি মাতঃ চিরদিন,
লোক মুখে শুনি এ বচন
এ দাসেরে বল মাতঃ, কে ছিলেন মম তাত,
কোন্ বংশে মম জন্ম হয়।
জনক কেমন করে, ত্যজিলেন কলেবরে,
কৃপা করি কহ সমুদয়॥
শুনিয়া সুতের বাণী, হ'য়ে অতি বিষাদিনী,
দৈত্যজায়া বলিল তখন।

কি শুনিবে বাছাধন, বলিতে সে বিবরণ,
চিত্ত মম হয় বিদারণ।
তারক নাম অসুর, ছিলেন মম শ্বশুর,
তব পিতা তাঁহার নন্দন।
তাঁহারে বিনাশ করি, নাম হ'ল ত্রিপুরারি,
শঙ্করের এ তিন ভুবন
শুনিলে যে শঙ্করের, 'ত্রিপুরারি' এ নামের,
"অরি শব্দ" করিলে বর্জ্জন
অতীব বীরত্ব ধাম, তব জনকের নাম,
বুঝিতে পারিবে বাছাধন॥
ছিল তাঁর অনুপম, বলবীর্য্য পরাক্রম,
যার ভয়ে ভীত সুরপুরী
তাঁর ভীষণ সমরে, কার সাধ্য অস্ত্র ধরে,
দূর হ'তে পলাইত অরি
পঞ্চমাস গর্ব্ভবতী, পিতৃগৃহে নিবসতি,
অভাগিনী করিনু যখন
দুর্জ্জয় সমরে পতি, বধিলেন পশুপতি,
পিতৃহীন তুমি একারণ॥
তুই রে জীবন ধন, দিব না করিতে রণ,
কারো সহ ভাবিয়াছি মনে।

সমরে শক্র নিকটে, যদ্যপি বিপদ ঘটে,
অভাগিনী বাঁচিবে কেমনে
গয়ার গর্ব্ভধারিণী, এরূপে পূর্ব্ব কাহিনী,
সমুদয় বলিল সন্তানে।
শুনি দুখ বিবরণ, জ্বলে যেন হুতাশন,
ক্রোধে গয়া বলে অভিমানে ॥

মাতার মুখে পিতার নিধন বৃত্তান্ত শুনিয়া
গয়াসুরের উক্তি

মাতঃ! তব পূর্ব্ব কথা শুনিয়ে শ্রবণে।
হৃদয় দহিছে তীব্র দুখ হুতাশনে ॥
যে পিতা ছিলেন হেন সুবিখ্যাত বীর।
যাঁহার প্রসাদে আমি লভিনু শরীর ॥
তাঁর অত্যাচারী অরি না বধিয়ে রণে।
বীরপুত্র হ'য়ে আমি থাকিব কেমনে ॥
শরীরে শোণিতরাশি ধরিয়ে কি ফল।
যাহে না পাইবে পিতৃশক্র-প্রতিফল ॥
কেন মাতঃ! নিবারিছ যাইতে আমারে।
সম্মুখ সমরে আমি ডরিব কাহারে ॥
এই যে দেখিছ মাতঃ! মুষল মুদ্গর।
এই যে দেখিছ অসি অতি খরতর ॥

এই যে দেখিছ চণ্ড কোদণ্ড নিকর।
টঙ্কারে যাহার হয় কম্পিত ভূধর॥
এই যে দেখিছ মম সমুজ্জ্বল শর।
ঝলসিয়ে আলোকিত করিতেছে ঘর॥
নিশ্চয় নাশিব ইথে পিতৃশক্রকুল।
দেখিব ভোলার হাতে কেমন ত্রিশূল॥
বিলম্ব সহেনা আজ্ঞা করহ সত্বরে।
এখনি যাইব দুষ্ট দেবতা সমরে।
এখনি নাশিব আমি অমর নিবাস।
এখনি সমস্ত দেব করিব বিনাশ
আশীর্ব্বাদ যদি তব থাকেগো জননি!
মুহূর্ত্তে চূর্ণিব স্বর্গ পাতাল অবনী
বহে দীর্ঘশ্বাস এবে গযার নাসায়।
থাকে ক্ষণ শব্দহীন বসিয়া ধরায়॥
জননী বলেন ক্ষান্ত হও বাছাধন।
কপালের লিপি বল কে করে খণ্ডন।
তুই বিনে ত্রিভুবনে কে আছে আমার।
তোরে ছেড়ে দেহে প্রাণ রবে কি প্রকার॥
সাক্ষাৎ সে সংহারক জানি শূলপাণি।
তাঁর রণে রবে কিরে তোর এ পরাণি॥

তাই তোরে রাখি ঘরে জুড়াতে জীবন।
আমার কথায় কর ক্রোধ সম্বরণ
জ্বলিত অনল যথা পাইলে পবন।
দ্বিগুণ জ্বলিয়া উঠে না হ'য়ে বারণ॥
তেমতি গয়ার চিত্ত দুখের অনল।
দ্বিগুণ জ্বলিয়া উঠে হইয়া প্রবল॥
জননীর উপদেশ সলিল সিঞ্চনে।
নির্ব্বাপিত না হইল সে দুঃখ-দহনে।
দন্ত কড়মড় করি ভীষণ গর্জ্জনে।
শুনিয়ে মায়ের কথা উঠিল তখনে॥
বলে মাতঃ! হয় হ'ক সংহারক হর।
ও ভয়ে কম্পিত কিগো আমার অন্তর
বলনা ও কথা মাতঃ! দুখে মরে যাই।
বীরত্ব কিছুই কিগো এ শরীরে নাই।
শঙ্কর সংহারমূর্ত্তি হেরিয়ে নয়নে।
কাপুরুষ সমান কি মরিব জীবনে॥
আমার পিতার যেবা বধেছে জীবন।
নিশ্চয় জানিবে আমি তাহার শমন॥
এই যে বিশাল বাহু ক'রেছি ধারণ।
শুধু কি করিতে দেহ শোভার বর্দ্ধন॥

কি কাজ ধরিয়ে অস্ত্র যদি মুষ্টি ধরি।
মুহূর্ত্তে চূর্ণিতে পারি শত শত অরি॥
দেব হ'ক দৈত্য হ'ক কিম্বা রাত্রিচর।
স্বয়ং ব্রহ্মা বিষ্ণু শিব যদি করয়ে সমর
অক্ষোভ-হৃদয়ে আমি নাশিব সবারে।
দুর্ব্বল সন্তান মাতঃ! ডরি কি কাহারে॥
আশীষ ও পদধূলি দেও শির'পরে।
এখনি যাইব সেই ভীষণ সমরে।
নাশিয়ে পিতার শত্রু যত দেবগণ।
ঘুচাব মনের ক্ষোভ জুড়াব জীবন॥

দেবগণ সহিত গয়াসুরের যুদ্ধ।

এরূপে মায়ের কাছে লইয়া বিদায়।
যুদ্ধবেশে ভার্গবের আলয়েতে যায়।
গুরু প্রণমিয়ে বীর আশীর্ব্বাদ ল'য়ে।
তৎপরে চলিল গয়া অমর আলয়ে॥
ইন্দ্র আদি দেবগণ পরাজিয়ে রণে।
উপনীত হ'ল বীর বিষ্ণুর ভবনে।
দ্বারাদেশে গয়াসুর হ'য়ে উপনীত।
ভীষণ হুঙ্কারে করে বৈকুণ্ঠ কম্পিত॥

পিতার নিধন হেতু ক্রোধের অনল।
সতত প্রদীপ্ত চিতে রহিছে প্রবল॥
জলদ নির্ঘোষ রবে ডাকি বারে বার।
বলে হরি বুঝিবহে শকতি তোমার॥
বৈকুণ্ঠ বিনাশ হ'বে গয়াসুর করে।
তোমায় দেখিব আজি কেবা রক্ষা করে॥
শুনিয়া দৈত্যের হেন পরাক্রমবাণী।
যুদ্ধবেশে আসিলেন দেব চক্রপাণি॥
বাধিল তুমুল যুদ্ধ গয়াসুর সনে।
কেহ না জিনিতে পারে সম দুইজনে॥
ভয়ঙ্কর যুদ্ধ করি শতেক বৎসর।
বলে গয়া বর লহ ওহে পিতাম্বর॥
হাসিয়া বলেন হরি এই দেও বর।
শীলা যেন হয় তব এই কলেবর।
এইরূপে সমাধা করিয়ে মহারণ।
তপস্যা করিতে বীর করিল মনন।

বায়ুপুরাণোক্ত গয়াসুরের উৎপত্তি কারণ।

গয়াসুরোঽসুরাণাঞ্চ মহাবলপরাক্রমঃ।
যোজনানাং সপাদঞ্চ শতং তস্যোচ্ছ্রয়ঃ স্মৃতঃ।
স্থূলঃ ষষ্টির্যোজনানাং শ্রেষ্ঠোঽসৌ বৈষ্ণবঃ স্মৃতঃ।

কোলাহলে গিরিবরে তপস্তেপে সুদারুণম্ ।
বহুবর্ষসহস্রাণি নিরুচ্ছ্বাসং স্থিতোঽভবৎ ॥

তত্তপস্তাপিতা দেবাঃ সংক্ষোভং পরমং যযুঃ ।
ব্রহ্মলোকগতা দেবাঃ প্রোচুস্তে প্রপিতামহম্ ॥

গয়াসুরাদ্রক্ষ দেব ব্রহ্মা দেবাংস্তথাব্রবীৎ ।
ব্রজামঃ শঙ্করং দেবা ব্রহ্মাদ্যাশ্চ গতাঃ শিবম্ ॥

কৈলাসে চাব্রুবন্নত্বা রক্ষ দেব মহাসুরাৎ ।
ব্রহ্মাদ্যানব্রবীচ্ছম্ভুর্ব্রজামঃ শরণং হরিম্ ।

ক্ষীরাব্ধৌ দেবদেবেশঃ স নঃ শ্রেয়ো বিধাস্যতি ।
ব্রহ্মা মহেশ্বরো দেবো বিষ্ণুং নত্বা প্রতুষ্টুবুঃ ।

এবং স্তুতো বাসুদেবঃ সুরাণাং দর্শনং দদৌ ।
কিমর্থমাগতা দেবা বিষ্ণুনোক্তাস্তমব্রুবন্ ॥

গয়াসুরভয়াদ্দেব রক্ষাস্মানব্রবীদ্ধরিঃ ।
ব্রহ্মাদ্যা যান্তু তং দৈত্যং চাগমিষ্যাম্যহং ততঃ ।

ঊচুস্তে বাসুদেবাদ্যাঃ কিমর্থং তপ্যতে ত্বয়া ।
সংতুষ্টাশ্চাগতাঃ সর্ব্বে [illegible] ব্রূহি গয়াসুর ।

যদি তুষ্টাস্ত মে দেবা ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ।
সর্ব্বদেবদ্বিজাতিভ্যো যজ্ঞতীর্থশিলোচ্চয়াৎ।
দেবেভ্যোঽতিপবিত্রোহস্মৃষিভ্যোঽপি শিবাব্যয়াৎ।

মন্ত্রেভ্যো দেবদেবীভ্যো যোগিভ্যশ্চাপি সর্ব্বশঃ।
ন্যাসিভ্যশ্চাপি কর্ম্মিভ্যো ধর্ম্মিভ্যশ্চ তথা পুনঃ।

জ্ঞাতিভ্যোঽতিপবিত্রোহং পবিত্রং স্যাৎ সদা সুরাঃ।
পবিত্রমস্তু তং দেবাঃ সত্যমুক্ত্বা দিবং যযুঃ।
দৃষ্ট্বা দৈত্যং ততঃ স্পৃষ্ট্বা সর্ব্বে হরিপুরং যযুঃ।

শূন্যে লোকত্রয়ে যাতে শূন্যা যমপুরী হ্যভূৎ।
যম ইন্দ্রাদিভিঃ সার্দ্ধং ব্রহ্মলোকং ততোঽগমৎ।

ব্রহ্মাণমূচিরে দেবা গয়াসুরবিলোপিতাঃ।
ত্বয়া দত্তাধিকারাস্ত্বং তান্ গৃহাণ পিতামহ।

ব্রহ্মাব্রবীত্ততো দেবান্ ব্রজামো বিষ্ণুমব্যয়ং।
ব্রহ্মাদয়োঽব্রুবন্ বিষ্ণুং ত্বয়া দত্তবরোঽসুরঃ।
তদ্দর্শনাদ্যযুঃ স্বর্গং শূন্যং লোকত্রয়ং হ্যভূৎ।

দেবৈরুক্তো বাসুদেবো ব্রহ্মাণং স বটোঽব্রবীৎ।
গয়াসুরং প্রার্থয়স্ব যজ্ঞার্থং দেহি দেহকং॥

বিষ্ণুক্তঃ সম্বরো ব্রহ্মা গত্বাপশ্যদ্গয়াসুরং।
গয়াসুরোঽব্রবীৎ দৃষ্ট্বা ব্রহ্মাণং ত্রিদশৈঃ সহ।
সংপূজ্যোত্থায় বিধিবৎ প্রণতঃ শ্রদ্ধয়ান্বিতঃ॥

গয়াসুরের উৎপত্তি কারণ।

কোলাহল নামে যেই প্রচণ্ড ভূধর।
আরম্ভিল মহাতপ তথা দৈত্যবর॥
ষাইট যোজন তার অঙ্গের বেষ্টন।
উচ্চ একশত পঞ্চবিংশতি যোজন
বিষ্ণুর পরম ভক্ত বসি একাসনে।
নিরুচ্ছ্বাস হ'য়ে বীর রহে স্থির মনে
গুরু উপদেশে লাভ করি মহাজ্ঞান।
বহু সহস্র বৎসর করে যোগ ধ্যান॥
কঠোর তপেতে মগ্ন ত্রিপুর নন্দনে।
হেরিয়ে শঙ্কিত হন যত দেবগণে॥
এ তপস্যা পূর্ণ যদি করে গয়াসুরে।
অমরত্ব আর কি রহিবে দেবপুরে।
ভাবিয়ে আকুল হ'য়ে সমস্ত অমর।
বিবরণ জানাইল ব্রহ্মার গোচর॥
বলিলেন পদ্মযোনি শুন দেবগণ।
সবে মিলি চল যাই শঙ্করের ভবন॥

পিতামহ বাক্যে সবে হইয়ে সত্বর।
উপনীত হইলেন শঙ্কর গোচর।
প্রণমিয়ে বলে সবে কৃতাঞ্জলি পুটে।
রক্ষ দেবগণ হর এ ঘোর শঙ্কটে॥
যে তপস্যা করে আজি ত্রিপুর তনয়।
সিদ্ধ হ'লে কেবা স্থির রবে সুরালয়॥
মহেশ্বর বলিলেন শুন দেবগণ।
আমা হ'তে না হইবে মন্ত্রণা সাধন॥
সবে মিলি চল যাই বিষ্ণুর সদন।
তাঁর মন্ত্রণায় হ'বে বাঞ্ছিত সাধন।
তথাস্তু বলিয়া সবে করিল গমন।
ক্ষীরাব্ধির তটে যথা প্রভু নারায়ণ।
নানা মত স্তবে তুষ্ট করি নারায়ণ।
গয়াসুর বিবরণ কহে দেবগণ॥
বলিলেন চক্রপাণি শুনি বিবরণ॥
কোলাহলে চল সবে যাই হে এখন॥
সঙ্গে নিয়ে ব্রহ্মা আদি দেব শূলপাণি।
গয়াসুর স্থানে যান প্রভু চক্রপাণি॥
ধ্যানমগ্ন আছে বীর স্তিমিত লোচন।
ডাকিয়ে বলেন ত... শ্রীমধুসূদন॥

শুন ওহে গয়াসুর শুনহে বচন।
তোমার তপেতে তুষ্ট যত দেবগণ।
তাই মোরা বর দিতে এসেছি এখন
যে বর যাচিবে তাহা করিব অর্পণ।
নয়ন মেলিয়ে দেখ ত্রিপুর নন্দন।
উপস্থিত রয়েছেন যত দেবগণ।
সাষ্টাঙ্গে প্রণমি বীর কৃতাঞ্জলি হ'য়ে।
নানা মতে স্তুতি করে সভক্তি হৃদয়ে॥
অমর বাঞ্ছিত ধন প্রভু নারায়ণ।
দীনবন্ধু গুণসিন্ধু জগত কারণ।
অধম দনুজ আজি পেল দরশন।
সফল জনম মম সফল জীবন॥
কৃপা করি হরি যদি কর বরার্পণ।
অন্য কোন বর দাসে না করে যাচন
দেব হ'তে সুপবিত্র কর কলেবর।
পরশি বৈকুণ্ঠপুরী যাইবেক নর॥
গযার বাঞ্ছিত বর করিয়া অর্পণ
দেবগণ চলি যান আপন ভবন।
গয়াসুরে পরশিয়ে যত নরগণ।
ক্রমশঃ বৈকুণ্ঠপুরে করিয়া গমন

ত্রিভুবন শূন্য ইথে হইতে লাগিল।
পুরী শূন্য হেরি যম চিন্তিত হইল।
আপনার আধিপত্য বিলোপন প্রায়।
হেরিয়ে বিধির কাছে ত্বরা করি যায়॥
এ কেমন বর প্রভু দিলে গয়াসুরে।
পরশনে পাপী যায় বৈকুণ্ঠ নগরে॥
তোমার বিধান ইথে কিসে রক্ষা হয়।
কৃপা করি উপায় বলহে দয়াময়॥
যমবাণী পদ্মযোনী শুনিয়া তখন।
শীঘ্র করি চলি যান বিষ্ণুর সদন।
সবিস্তর বিবরণ বলেন কেশবে।
যম বিধি রক্ষা হেতু উপায় কি হবে॥
ব্রহ্মাকে এ উপদেশ দেন নারায়ণ।
যজ্ঞচ্ছলে গয়া দেহ করহ যাচন॥
চক্রপাণি বাক্য শুনি দেব পদ্মযোনি।
গয়াসুরে ছলিবারে গেলেন আপনি॥

ব্রহ্মা কর্ত্তৃক গয়াদেহ ভিক্ষা এবং গয়াসুরের পতন।

ব্রহ্মোবাচ

পৃথিব্যাং যানি তীর্থানি দৃষ্টানি ভ্রমতা ময়া।

যজ্ঞার্থং ন তু তে তানি পবিত্রাণি শরীরতঃ।
অতঃ পবিত্রং দেহং ত্বং যজ্ঞার্থং দেহি মেঽসুর।

গয়াসুর উবাচ

ধন্যোঽহং দেবদেবেশ মদ্দেহং প্রার্থ্যতে ত্বয়া॥
ত্বয়ৈবোৎপাদিতো দেহঃ পবিত্রস্তু ত্বয়া কৃতঃ।
সর্ব্বেষামুপকারায় যাগোঽবশ্যং ভবিষ্যতি।
ইত্যুক্ত্বা সোঽপতদ্ভূমৌ শ্বেতকল্পে গয়াসুরঃ।
নৈঋর্তাং দিশমাশ্রিত্য তদা কোলাহলে গিরৌ।
শিরঃ কৃত্বোত্তরে দৈত্যঃ পাদৌ কৃত্বা তু দক্ষিণে।

ব্রহ্মা সংভৃতসম্ভারো মানসানৃত্বিজোঽসৃজৎ।
চলিতং চকিতো ব্রহ্মা ধর্ম্মরাজমভাষত॥
জাতা গৃহে তব শিলা সমানীয়াবিচারয়ন্।
দৈত্যস্য শীঘ্রং শিরসি তাং ধারয় মমাজ্ঞয়া।

নিশ্চলার্থং যমঃ শ্রুত্বা ধারয়ন্মস্তকে শিলাং।
শিলায়াং ধারিতায়াস্তু সশিলশ্চাসুরোঽচলৎ।

দেবান্যূচেঽথ রুদ্রাদীন্ শিলায়াং নিশ্চলাঃ কিল।
তিষ্ঠধ্বং দেবাঃ সকলাস্তথেত্যুক্ত্বা চ তে স্থিতাঃ॥

দেবাঃ পাদৈর্লক্ষযিত্বা তথাপি চলিতোঽসুরঃ।
ব্রহ্মাথ ব্যাকুলো বিষ্ণুং গতঃ ক্ষীরাব্ধিশায়িনম্।

অজমূচে হরিঃ কস্মাদাগতোঽসি বদস্ব তৎ।

দেবদেব কৃতে যাগে প্রচচাল গয়াসুরঃ।

ইদানীং নিশ্চলার্থং হি প্রসাদং কুরু মাধব॥

ব্রহ্মণো বচনং শ্রুত্বা হ্যাকৃষ্য স্বশরীরতঃ।
মূর্ত্তিং দদৌ নিশ্চলার্থং ব্রহ্মণে ভগবান্ হরিঃ।

আনীয় মূর্ত্তিং ব্রহ্মাপি শিলায়াং সমধারয়ৎ।
তথাপি চলিতং বীক্ষ্য পুনর্দ্দেবমথাগমৎ।

আগত্য বিষ্ণুঃ ক্ষীরাব্ধেঃ শিলায়াং সংস্থিতোঽভবৎ।
আদ্যেন গদয়া চাসৌ যস্মাদ্দৈত্যঃ স্থিরীকৃতঃ।
স্থিত ইত্যেব হরিণা তস্মাদাদিগদাধরঃ॥

ব্রহ্মা কর্ত্তৃক গয়াসুরের দেহভিক্ষা এবং গয়াসুরের পতন।

বিষ্ণুর মন্ত্রণা নিয়ে, পিতামহ শীঘ্র গিয়ে,
গয়াকে বলেন বিবরণ।
যত তীর্থ পর্য্যটন, করিয়াছি দরশন
তাহে শুদ্ধ হয় জীবন॥

অতএব বাঞ্ছা করি, তব শুদ্ধ দেহ' পরি,
যজ্ঞ এক করিতে সাধন।
গয়া বলে প্রজাপতে, মম দেহ তোমা হ'তে,
তাহা প্রভু করিছ যাচন।
ইথে ধন্য কলেবর, বিশেষত যজ্ঞেশ্বর,
এদেহে করিবে আগমন।
সকলের হিত জন্য, করিলেক যজ্ঞ ধন্য,
তদর্থে করিব দেহার্পণ
হরষেতে গয়াবীর, নিজ বিশুদ্ধ শরীর,
কোলাহলে পাতিলা তখন
উত্তরে রাখিয়া শির, দক্ষিণে পা দিয়া বীর,
হৃদয়ে জপিছে নারায়ণ।
পাছে পুনঃ উঠে বীর, মনে করিলেন স্থির,
শিলাতে ঢাকিব কলেবর।
বলিলেন পদ্মযোনি, যমরাজে এই বাণী,
শিলারাশি আনহ সত্বর ॥
ব্রহ্ম আজ্ঞা অনুসারে, শিলা আনি ভারে ভারে,
ঢাকিলেন গয়ার শরীর।
সে শিলার পরিমাণ, ভূগ ভর্ত্স্য করি জ্ঞান,
উঠিতে উদ্যত গয়াবীর

তা দেখিয়ে পদ্মযোনি, সমস্ত অমর আনি,
গয়া শিরে করেন স্থাপন।
উপেক্ষিয়ে সেই ভার, চেষ্টা পায় উঠিবার,
অকাতরে ত্রিপুর নন্দন॥
দৈত্য বল অসম্ভব, হেরিয়ে পদ্ম-সম্ভব,
পুনঃ যান বিষ্ণু অন্বেষণে।
ক্ষীরাব্ধির তট'পরে, পাইয়ে সে পীতাম্বরে,
বলেন সমস্ত বিবরণ॥
শুনিয়ে ব্রহ্মার বাণী, প্রতিমূর্ত্তি একখানি,
তনু হ'তে করি উত্তোলন।
দিলেন চতুরাননে, ব্রহ্মা আনি সুযতনে,
গয়া দেহে করিল স্থাপন॥
তাহে ত্রিপুর তনয়, নিশ্চল নাহিক রয়,
উঠিতে উদ্যত বীরবর।
নেহারি চতুরানন, নারায়ণে বিবরণ,
জানাইতে হ'লেন সত্বর॥
যাইয়ে ক্ষীরাব্ধি পারে, বলিলেন কেশবেরে,
পিতামহ অতীব কাতরে।
যত উপায় আচরি, কিছুতে নাহিক পারি,
নিশ্চল হইতে গয়াসুরে॥

উপায় বলহে হরি, কিসে বীরে স্থির করি,
তুমি এক দেবের শরণ।
ব্রহ্মার বচন শুনি, চলিলেন চক্রপাণি,
গদা হস্তে সহ পদ্মাসন ॥
গদা ভর করি হরি, গয়াশির শিলা'পরি,
অর্পিলেন চরণকমল।
পদ চিহ্ন রহে তায়, আর না শির উঠায়,
তদবধি রহিল অচল ॥

গয়াসুরের পুনঃ প্রার্থনায় বিষ্ণু কর্তৃক
বর প্রদান।

ঊচে গয়াসুরো দেবান্ কিমর্থং বঞ্চিতো হ্যহং।
যজ্ঞার্থং ব্রহ্মণে দত্তং শরীরমমলং ময়া ॥

পীড়িতো যদ্যহং দেবাঃ প্রসন্নাঃ সন্তু সর্বদা।

বরং ব্রূহি প্রসন্নাঃ স্মো দেবানুচে গয়াসুরঃ ॥

যাবৎ পৃথ্বী পর্বতাশ্চ যাবচ্চন্দ্রার্কতারকাঃ।
তাবচ্ছিলায়াং তিষ্ঠন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।

গদাধরঃ স্বয়ং লোকাৎ ভুক্তি সর্বাঘনাশনাৎ।
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্তু তে।

কিং বহূক্ত্যা সুরেশানা যুষ্মাস্বেকাপি দেবতা ।
চেন্ন তিষ্ঠেদহং চাপি সময়ঃ প্রতিপাল্যতাম্ ।
ত্বয়া যৎ প্রার্থিতং সর্ব্বং তত্তুবিষত্যসংশয়ম্ ।
অস্মৎপাদানর্চ্চয়িত্বা যাস্যন্তি পরমাং গতিং ।
দেবৈর্দত্তবরো দৈত্যো হর্ষিতো নিশ্চলোঽভবৎ

গয়াসুরের প্রতি বিষ্ণুর বর প্রদান

ব্রহ্মা বাক্যে গয়া দেহ করিয়া প্রদান ।
বিষ্ণুর নিকটে গয়া হয় যাচমান ॥
মম শির হয় যেন মুক্তি পিণ্ডধর ।
পিণ্ডদানে মুক্ত যেন হয় যত নর ॥
এই বর পীতাম্বর দাওহে আমায় ।
অধম ও পদে অন্য কিছু নাহি চায় ॥
পৃথ্বী, গিরি, চন্দ্র, সূর্য্য, নক্ষত্রনিকর ।
যাবত থাকেন স্বর্গে যতেক অমর ॥
আমা হ'তে কখন না করিবে গমন ।
সতত অমর পদে থ'কে যেন মন ।
উচ্চ ভাষে দেবগণ প্রসন্ন বদনে ।
দিলেন বাঞ্ছিত বর ত্রিপুর নন্দনে ॥
বিষ্ণু পদ চিহ্ন যেবা করিবে পূজন ।
সে মানব স্বর্গপুরে করিবে গমন ॥

দেব বরে গয়াসুর হর্ষিত অন্তর।
দেব পদে রাখে মতি গয়া নিরন্তর॥
অচল রহিল গয়া শিরেতে পাষাণ।
দেবানুগ্রহেতে ধন্য গয়া পুণ্যবান্॥

গয়াশিরাদির পরিমাণং

নাগাজ্জনার্দ্দনাদ্ ব্রহ্মযূপাচ্চোত্তরমানসাৎ।
এতদ্গয়াশিরঃ প্রোক্তং ফল্গুতীর্থং তদুচ্যতে॥

পিতামহং সমাসাদ্য যাবদুত্তরমানসং।
ফল্গুতীর্থন্তু বিজ্ঞেয়ং দেবানামপি দুর্ল্লভং॥

ক্রৌঞ্চপাদাৎ ফল্গুতীর্থাদযাবৎ সাক্ষাদগয়াশিরঃ।
মুখং গয়াসুরস্যৈব তস্মাৎ শ্রাদ্ধমথাক্ষয়ং॥

মুণ্ডপৃষ্ঠাচ্চ পূর্ব্বস্মিন্ পশ্চিমে দক্ষিণোত্তরে।
সার্দ্ধং ক্রোশদ্বয়ং মানং গয়েতি ব্রহ্মণেরিতং॥

পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্যে যানি সন্তি বৈ॥

গয়াশিরাদির পরিমাণ।

নাগকূট গোত্রাবধি যথা জনার্দ্দন।
তাহা হ'তে ব্রহ্ম যূপ, বিধানে রোপণ॥

সে যূপ হইতে উত্তর মানস যেতক ।
তা হইতে আছে যথা গয়ার মস্তক ॥
এই যে নির্দ্দিষ্ট স্থান আছে বর্ত্তমান ।
সে পর্য্যন্ত ফল্গুতীর্থ পুরাণ প্রমাণ ॥
বিষ্ণুরূপি ফল্গুতীর্থ দেবের দুর্লভ ।
নির্দ্দিষ্ট করিল প্রভু পঙ্কজ-সম্ভব ॥
ক্রোঞ্চ পদে ফল্গুতীর্থ মধ্যে যত স্থান ।
তা ব্যাপিয়া গয়াশির আছে বর্ত্তমান ॥
এক ক্রোশ সুবিস্তৃত শির পরিমাণ ।
মুণ্ড গয়া নামে তার হ'য়েছে আখ্যান ॥
গয়ামুণ্ড পৃষ্ঠ সার্দ্ধ ক্রোশদ্বয় স্থান ।
এতন্মধ্যে করিবেক শ্রাদ্ধ সমাধান ॥
পঞ্চ ক্রোশ তীর্থ ক্ষেত্র পুরাণে বিধান ।
গয়াশিরে নানা তীর্থ আছে বিদ্যমান ।

গয়া মাহাত্ম্যাদি

গয়ায়াং ন হি তৎ স্থানং যত্র তীর্থং ন বিদ্যতে ।
সান্নিধ্যাৎ সর্ব্বতীর্থানাং গয়াতীর্থং ততো বরং ॥
ব্রহ্মজ্ঞানেন কিং সাধ্যং গোগৃহে মরণেন কিং ।
বাসেন কিং কুরুক্ষেত্রে যদি পুত্রো গয়াং ব্রজেৎ ॥
শ্রাদ্ধকৃদ্যো গয়াক্ষেত্রে পিতৃণামনৃণোহপি সঃ ।

শিরসি শ্রাদ্ধকৃদ্‌যস্তু কুলানাং শতমুদ্ধরেৎ।
গয়াশিরসি যঃ পিণ্ডান্‌ যেষাং নাম্না তু নির্ব্বপেৎ।
নরকস্থা দিবং যান্তি স্বর্গস্থা মোক্ষমাপ্নুয়াৎ॥
গত্বা বণিগ্‌ গয়াশীর্ষে প্রেতরাজস্য পিণ্ডকং।
প্রাদদৌ মনুজৈঃ সার্দ্ধং স্বপিতৃভ্যস্ততো দদৌ।
প্রেতাঃ প্রেতত্বনির্মুক্তা বণিক্‌ চ গৃহমাগতঃ।
প্রেতরাজঃ সহ প্রেতৈর্গয়াশ্রাদ্ধাদ্দিবং গতঃ।
গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাদ্বিচক্ষণঃ
অধিমাসে জন্মদিনে চাস্তেঽপি গুরুশুক্রয়োঃ।
ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থেঽপি বৃহস্পতৌ।
তথা দৈবপ্রমাদেন প্রবহৎষু বুধেষু চ।
পূতঃ কর্ম্মাধিকারী চ শ্রাদ্ধকৃদ্ব্রহ্মলোকভাক্‌।
মীনে মেষে স্থিতে সূর্য্যে কন্যায়াং কার্ম্মুকে ঘটে॥
নারদ ত্রিষু লোকেষু গয়াং শ্রাদ্ধং সুদুর্লভং।
মুণ্ডনঞ্চোপবাসশ্চ সর্ব্বতীর্থেষ্বয়ং বিধিঃ॥
বর্জ্জয়িত্বা কুরুক্ষেত্রং বিশালাং বিরজাং গয়াং।
দণ্ডং প্রদর্শয়েদ্ভিক্ষুর্গয়াং গত্বা ন পিণ্ডদঃ।
দণ্ডং ন্যস্য বিষ্ণুপদে পিতৃভিঃ সহ মুচ্যতে।
গয়াগজো গয়াদিত্য গায়ত্রী চ গদাধরঃ।
গয়া গয়াসুরশ্চৈব ষড়্গয়া মুক্তিদায়িকাঃ।

গয়া মাহাত্ম্যাদি।

গয়াতুল্য নাহি স্থান এ তিন ভুবন।
ব্রহ্মা করিলেন গয়াক্ষেত্রে বিরচন।
তম্মধ্যে নানা তীর্থ পিতৃ কার্য্যের মূল।
শ্রাদ্ধ করিলে উদ্ধারে ত্রিসপ্তম কুল
কুরুক্ষেত্রে বাস কি গোগৃহে মরণে।
তদপেক্ষা উচ্চফল গয়া পিণ্ডার্পণে
দেহান্তরে যার হয় গয়া পিণ্ডদান।
নরকে উত্তীর্ণ হয় স্বর্গে পায় স্থান।
গয়া ক্রিয়া সর্ব্বকালে বৈধ সর্ব্বদিন।
বিশেষত চৈত্র, বৈশাখ, ফাল্গুন, আশ্বিন।
তার তুল্য হয় বটে ভাদ্র, পৌষ মাস
বর্জ্জন করিবে গয়া মুণ্ডনোপবাস॥
গয়াগজ গয়াদিত্য গায়িত্রী গদাধর।
ইত্যাদি ষড়গয়া হয় মুক্তির আকর।

ব্রহ্মা কল্পিত কতিপয় ব্রাহ্মণ সৃষ্টি এবং তদ্দিগের পূজাবিধি

শ্বেতং সুতালং দমনং সুহোত্রং কঙ্কমেবচ।
লোকাক্ষিঞ্চ মহাবিষ্ণুং জৈগীষব্যং তথৈবচ॥
দধি পুষ্পমুখং বিপ্রং ঋভুং কর্কমেবচ।

কাত্যায়নং গোভিলঞ্চ মুনিমুগ্রমহাব্রতং ॥
অগ্নিশর্ম্মাণমমৃতং শৌনকং যাজলিং মৃতুং।
বৃ:মুখং বেদকৌণ্ডিল্যং হারীতং কাশ্যপং কৃপং
গর্গং কৌশিকবাশিষ্ঠৌ মুনিং ভার্গবমব্যয়ং।
বৃদ্ধপারাশরং কণ্বং মাণ্ডব্যং শ্রুতিকেবলং ॥
শুকপালং গৌতমঞ্চ তদা বেদশিরোব্রতং।
জটামালিনমব্যগ্রং চাট্টহাসঞ্চ দারুণং ॥
আত্রেয়ং চাপ্যঙ্গিরসৌ সৌপমন্যুং মহাব্রতং।
গোকর্ণঞ্চ গুহাবাসং শিখণ্ডিনমুমাব্রতং।
এতামন্যাংশ্চ বিপ্রেন্দ্রান্ বেধা লোকপিতামহঃ।
পরিকল্প্যাকরোদ্‌যানাং গয়াসুরশরীরকে ॥ ৩২
গয়াশ্রাদ্ধবিধানায় দ্বিজা মূর্ত্তাশ্চচতুর্দ্দশ।
তেষাং বাক্যং প্রকুর্ব্বীত যদি ব্রহ্মা স্বয়ং ব্রজেৎ।

গয়ালিদিগের চতুর্দ্দশ গোত্র

গৌতমং কাশ্যপং কৌৎসং কৌশিকং কুথমেবচ।
ভারদ্বাজং হ্যৌশনসং বাৎস্যং পারাশরং তথা ॥
হরিৎকুমারমাণ্ডব্যং লোকাক্ষিং লোমশং মহৎ।
বাশিষ্ঠঞ্চ তথাত্রেয়ং গোত্রাণ্যেষাং চতুর্দ্দশ।
স্থিতেষু চৈব দেবেষু ব্রাহ্মণেভ্যো দদাবজঃ।
গ্রামাংশ্চ পঞ্চ পঞ্চাশৎ পঞ্চক্রোশীং গয়াং তথা ॥

গৃহান্ কৃত্বা দদৌ দিব্যান্ সর্ব্বোপস্করসংযুতান্ ।
কামধেনুং কল্পবৃক্ষং পারিজাতাদিকাংস্তরূন্ ॥
মহানদীং ক্ষীরবহাং ঘৃতকুল্যাং তথৈবচ ।
মধুস্রবাং মধুকুল্যাং দধ্যাজ্যাদ্যংসংরাসি চ ।
সুবর্ণদীর্ঘিকাশ্চৈব বহূনন্নাদিপর্ব্বতান্ ।
ভক্ষ্যভোজ্যফলাদীংশ্চ সর্ব্বং ব্রহ্মাম্বজং দদৌ ॥
ন যাচয়ধ্বং বিপ্রেন্দ্রা অন্যানুক্ত্বা দদাবজঃ ।
দত্ত্বা যযৌ ব্রহ্মলোকং নত্বা হ্যাদিগদাধরম্ ॥
ধর্ম্মারণ্যে তত্র ধর্ম্মো যস্মাদ্যজ্ঞে যযাচিরে ।
ধর্ম্মযাগে চ লোভাদ্বৈ প্রতিগৃহ্য ধনাধিকং ॥
ততো ব্রহ্মা সমাগত্য ব্রাহ্মণাংস্তান্ শশাপ হ ।
কৃতবন্তো যতো লোভং মদ্দত্তেষখিলেষ্বপি ॥
তস্মাৎ তৃষ্ণাধিকা যূয়ং দ্বিজা বিদ্যাবিবর্জ্জিতাঃ
অন্নাদীনাং পর্ব্বতা যে তে চ পাষাণপর্ব্বতাঃ ॥
নদ্যাদয়ো বারিবাহা মৃদাদ্যাঃ প্রচুরা গৃহাঃ ।
কামধেনুঃ কল্পবৃক্ষা মল্লোকমুপতিষ্ঠতাং ॥

তত্রস্থা ব্রাহ্মণা ব্রহ্মং মুচুঃ

ত্বয়াস্মদ্দত্তমখিলং তৎ সর্ব্বং শাপতো গতং ।
জীবনার্থং প্রসাদং নো ভগবান্ কর্ত্তুমর্হসি ॥
তৎ শ্রুত্বা ব্রহ্মণান্ ব্রহ্মা প্রোবাচেদং দয়ান্বিতঃ ।

তীর্থোপজীবিকা যূয়মাচন্দ্রার্কং ভবিষ্যথ ॥
লোকাঃ পুণ্যগয়ায়াং যে শ্রাদ্ধিনো ব্রহ্মলোকগাঃ ।
যুষ্মান্ যে পূজয়িষ্যন্তি তৈরহং পূজিতঃ সদা ।

ব্রহ্ম কল্পিত কতিপয় ব্রাহ্মণ সৃষ্টি এবং তাঁদিগের পূজা বিধি

গয়াশিরে বিধাতার যজ্ঞের কারণ ।
হোতৃ জন্য ঋত্বিকের হয় প্রয়োজন ॥
পিতামহ কল্পনাতে করেন সৃজন
চতুর্দ্দশ গোত্রে কতিপয় বিপ্রগণ ॥ *
করপুটে বলে তাঁরা পিতামহ স্থানে ।
কি উপায়ে আমরা থাকিব জীবমানে ॥
দ্বিজগণ রক্ষা জন্য প্রভু বেদানন
কল্পবৃক্ষ আদি যত করেন সৃজন ॥
গ্রামাদি করিলেন বিপ্রবৃন্দে দান
দ্বিজগণের উপজীব্য হইল বিধান ।
ব্রহ্মা বলে দ্বিজগণ লোভ সম্বরণ
করিলে পাইবে ইথে ইচ্ছামত ধন ॥

---

* গৌতম ১ কাশ্যপ ২ কৌৎস ৩ কৌশিক ৪ কণ্ব ৫ ভারদ্বাজ ৬ উশনা ৭ বাৎস্য ৮ পারাশর ৯ হরিত ১০ কুমার ১১ মাণ্ডব্য ১২ লোকাক্ষি ১৩ বাশিষ্ঠ ১৪ এই সকল গোত্রে কতিপয় ব্রাহ্মণ ব্রহ্মা কর্ত্তৃক সৃষ্টি হইয়া তাঁহারাই গয়াসুর শিরে ব্রহ্মার কৃত যজ্ঞে যজ্ঞাহুত হন তদ্বংশ গয়ালিঠাকুর নামে বিখ্যাত এবং প্রধান পুরোহিত

কিছুকাল করে তাঁরা সুখেতে যাপন।
ধর্ম্মরাজ দত্ত ধন করেন গ্রহণ॥
সেই পাপে দ্বিজগণে করে আক্রমণ।
ব্রহ্মাদত্ত সব ধন হয় বিসর্জ্জন॥
শাপগ্রস্থ বিপ্রগণ চিন্তার সাগরে।
পড়িয়া ব্রহ্মার স্থানে পুন স্তব করে॥
দ্বিজগণের স্তবে তুষ্ট হ'য়ে বেদানন।
দয়া করে বিপ্রগণে করে বরার্পণ॥
চন্দ্র সূর্য্য যত দিন থাকে ভূমণ্ডলে।
ততদিন তীর্থ জীবি থাকিবে সকলে॥
যে করিবে গয়াধামে শ্রাদ্ধ পিণ্ডার্পণ।
সে করিবে তোমাদের চরণ পূজন।
বিপ্রগণ ব্রহ্মা বরে গয়াতে প্রবল।
পদে পূজা লন শেষ করেন সফল।

গয়াধাম যাত্রা বিধি।

উদ্যতশ্চেদ্‌গয়াং গন্তুং শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ।
বিধায় কার্পটীবেশঃ কৃত্বা গ্রাম প্রদক্ষিণং॥

গয়াধামে যদি কেহ গমনোদ্যত হন, তবে তিনি প্রথমতঃ তীর্থ গমনীয় বিধি পূর্ব্বক পার্ব্বণ

শ্রাদ্ধ করিয়া তীর্থযাত্রিবেশ ধারণ পূর্ব্বক স্বীয় গ্রামকে প্রদক্ষিণ করিবেন।

ততো গ্রামান্তরং গত্বা শ্রাদ্ধশেষস্য ভোজনং।
ততো প্রতিদিনং গচ্ছেৎ প্রতিগ্রহবিবর্জ্জিতঃ॥

গয়াযাত্রিক পার্ব্বণ শ্রাদ্ধ করিয়া তৎ শেষ ভোজন করতঃ ঐ দিন গ্রামান্তরে গিয়া বাস করিবেন। তদনন্তর প্রতিদিন প্রতিগ্রহ বর্জ্জিত হইয়া গয়াভিমুখে প্রতিদিন গমন করিতে থাকিবেন।

যে যে বস্তু সঙ্গে লওয়া কর্ত্তব্য।

শ্রাদ্ধ জন্য ঘৃত, মধু, তিল, নারিকেল, সুপারি গয়াধামে উত্তম ঘটেনা বিধায় সঙ্গে লওয়া উচিত। স্বর্ণমুদ্রা দ্বারা দক্ষিণা করিলে উত্তম ফল হয়, তদনুরোধে তাহা লওয়াও উচিত।

পাথেয় আচরণ।

আতব তণ্ডুল, নিরামিষ, সংক্ষেপ, ব্যবহার করা কর্ত্তব্য। ছত্র, পাদুকাদি করা অকর্ত্তব্য।

গয়াক্রিয়া বিধি।

প্রথম দিনে গয়াপ্রবেশ ফল্গুতীর্থস্নান তৎ

শ্রাদ্ধানি ১। প্রেতশিলায়াং ব্রহ্মকুণ্ডে স্নানং শ্রাদ্ধং ষোড়শপিণ্ডদানং প্রেতপর্ব্বতে তিলমিশ্রিত-শক্তুনিক্ষেপশ্চ ২। পঞ্চতীর্থমধ্যে উত্তরমানসে স্নানং সপিণ্ডং শ্রাদ্ধং সূর্য্যার্চনঞ্চ ৩। দক্ষিণ-মানসে উদীচ্যাং তীর্থে স্নানং ৪। তস্য দক্ষিণে দক্ষিণমানসে তীর্থত্রয়ে স্নানং শ্রাদ্ধং সূর্য্যার্চ-নঞ্চ ৬। ফল্গুতীর্থস্নানং তর্পণং সপিণ্ডকং শ্রাদ্ধং ততো গদাধরস্য দর্শনং পূজনঞ্চ ।৭।

দ্বিতীয় দিনে ধর্ম্মারণ্যে গমনং ধর্ম্মেশ্বরনমনং বোধিতরুনমনঞ্চ। ৮ মতঙ্গবাপ্যাং স্নানং তর্পণং-শ্রাদ্ধং মতঙ্গেশনমনং যূপকূপয়োর্মধ্যে শ্রাদ্ধঞ্চ। ৯

তৃতীয় দিনে ব্রহ্মসরসীস্নানং সপিণ্ডকং শ্রাদ্ধং যূপপ্রদক্ষিণং ব্রহ্মনমনঞ্চ। ১০ গোপ্রচারসমীপে আম্রবৃক্ষসেচনং। ১১ ততো যমকুক্কুরকাকবলি-ং পুনঃ স্নানঞ্চ। ১২

তুর্থ দিনে ফল্গুস্নানাদিকং ততো গয়াশিবসি দস্য দর্শনং স্পর্শনং পূজনং তত্র সপিণ্ডকং উদ্যতে। ১৩ রুদ্র ১৪ ব্রহ্মা ১৫ দক্ষিণাগ্নিঃ ১৬ গার্হপত্যঃ ১৭ আহবনীয়ঃ ১৮ সত্যঃ ১৯ আবসথ্য ২০ ...দ্রঃ ২১ অগস্ত্যঃ ২২ ক্রৌঞ্চঃ ২৩ মাতঙ্গঃ ২৪

কার্ত্তিকেয়ঃ ২৫ গণেশঃ ২৬ কশ্যপঃ এষাং পদেষু শ্রাদ্ধং ২৭ গজকর্ণিকায়াং তর্পণং ২৮ কনকেশ-কেদারনরসিংহবামনরথমার্গীণাং পূজনং। ২৯

পঞ্চম দিনে গদালোলে স্নানং সপিণ্ডকংশ্রাদ্ধঞ্চ। ৩৩ অক্ষয়বটে শ্রাদ্ধং ব্রহ্মকল্পিতবিপ্রাণাং পূজনং পুরোধসে ষোড়শ দানঞ্চ। ৩৪ গায়ত্র্যগ্রে প্রাতঃ সন্ধ্যাচরণং সপিণ্ডকশ্রাদ্ধঞ্চ। ৩৫ সমুদ্রত তীর্থে স্নাত্বা সাবিত্র্যগ্রে মধ্যাহ্নসন্ধ্যাচরণং পিণ্ডদানঞ্চ। ৩৬ প্রাচীসরস্বত্যাং স্নাত্বা সায়াহ্নসন্ধ্যাচরণং। ৩৭ বিশালা ৩৮ লেলিহানং ৩৯ ভরতাশ্রম-নামকং রামতীর্থং ৪০ পদাঙ্কিতং ৪১ মুণ্ডপৃষ্ঠস্থ-গদাধরসমীপং ৪২ আকাশগঙ্গা ৪৩ গিরিকর্ণ-মুখং এষু স্নানং পিণ্ডদানঞ্চ ৪৪ বৈতরণ্যাং স্নানং পিণ্ডদানং শ্রাদ্ধং গোদানঞ্চ ৪৫ ঘৃতকুল্যা ৪ মধুকুল্যা ৪৭ দেবীকানদী ৪৮ শিলাসঙ্গম মধুশ্রবাসু স্নানং সপিণ্ডকং শ্রাদ্ধং পিণ্ড ৫০ দশাশ্বমেধিকং ৫১ হংসতীর্থং ৫২ কণ্টকং ৫৩ কোটিতীর্থং ৫৪ রুক্মিণীকুণ্ডং এ পিণ্ডদানং ৫৫ মার্কণ্ডেয়েশ্বর ৫৬ কোটীশ্বরয়ে দর্শনং নমনঞ্চ ৫৭ দিব্যোকসাং পুষ্করিণ্যাং স্থিতঞ্চ

দানং ৫৮ পঙ্কজবনে পাণ্ডুশিলায়াং শ্রাদ্ধং ৫৯ মুখ্যতীর্থে স্নানং তর্পণং পিণ্ডদানঞ্চ ৬০ গয়াকূপে পিণ্ডদানং ভস্মকূটে ভস্মানাং স্নানং ৬১ সঙ্গমতীর্থে স্নানং ৬২ ধেনুকারণ্যে পিণ্ডদানং ৬৩ কামধেনুপাদে স্নাত্বা কামধেনুনমনং ৬৪ কর্দ্দমালে গয়ানাভৌ মুণ্ডপৃষ্ঠসমীপতঃ। স্নাত্বা শ্রাদ্ধাদিকং কৃত্বা পিতৃণামনৃণো ভবেৎ॥ ফল্গুচণ্ডীশ্মশালাক্ষীমঙ্গলাদ্যাঃ সমুর্চ্চয়েৎ। গয়ায়াঞ্চ বৃষোৎসর্গস্ত্রিসপ্ত কুলমুদ্ধরেৎ॥

গয়া ক্রিয়াবিধি।

গয়া প্রবেশে প্রথম দিনের ক্রিয়া।

পূর্ব্ব দিনে হবে ক্ষৌরী করি একাহার।
পবিত্র রাখিবে দেহ বিধি অনুসার॥
পরদিন প্রাতঃকালে ফল্গু দকে স্নান।
করিবে উত্তরী নব বস্ত্র পরিধান॥
ফল্গু তটে করিবেক যথা-সাধ্য দান।
তদন্তরে পার্ব্বণ করিবে সমাধান॥
ব্রহ্মার কল্পিত দ্বিজে করিলে পূজন।
গয়া শ্রাদ্ধে অধিকারী হবে সেইজন॥
প্রেতশিলা ব্রহ্মকুণ্ডে করিবেক স্নান।

তারপর করিয়ে ষোড়শ পিণ্ডদান ॥
প্রেত পর্ব্বতে তিল শক্তু নিক্ষেপিয়া।
উত্তর মানসে স্নান শ্রাদ্ধাদি করিয়া ॥
তথায় স্থাপিত সূর্য্যে করিয়া অর্চ্চন।
করিবেক উদিত্যাদি তীর্থেতে তর্পণ ॥
দক্ষিণ মানসে শ্রাদ্ধ করি সমাপন।
তৎ তীর্থের স্থিত সূর্য্যে করিবে পূজন ॥
পুনঃ ফল্গুতীর্থে স্নান করিয়া তর্পণ।
শ্রাদ্ধান্তে গদাধর করিবে দর্শন।
সাধ্য মত প্রদক্ষিণ করিবে পূজন।
প্রথম দিনের ক্রিয়া হবে সমাপন ॥

দ্বিতীয় দিনের শ্রাদ্ধ।

প্রভাতেতে ধর্ম্মারণ্যে করিবে গমন।
ধর্ম্মেশ্বরে ভক্তিভাবে করিবে সেবন ॥
তারপর বোধিতরু দেব প্রণমিয়া।
স্নান করিবেক তথা মতঙ্গ ব্যাপিয়া।
তর্পণ শ্রাদ্ধ আর মতঙ্গে প্রণাম।
যূপ কূপমধ্যে করিবেক পিণ্ডদান।

তৃতীয় দিনের ক্রিয়া।

ব্রহ্ম সরসীতে করে গাত্রাবগাহণ।

যথা বিধি করিবেক তথা পিণ্ডার্পণ ॥
যূপে প্রদক্ষিণ করিবেক সপ্তবার।
ব্রহ্ম উদ্দেশেতে করিবেক নমস্কার ॥
গোপ্রচার তীর্থে অম্র বৃক্ষের সেচন।
যম বলি কাক বলি আর পিণ্ডার্পণ ॥
করিবেক শেষে তথা গাত্রাবগাহণ।
তৃতীয় দিনের কর্ম্ম হ'ল সমাপন।
আছে যত দেবালয় করিবে দর্শন।
যাহ'তে হইবে তৃপ্ত যুগল নয়ন ॥

চতুর্থ দিনের ক্রিয়া

না দেখিতে গগনেতে তপন বদন।
ফল্গুজলে করিবেক গাত্রাবগাহণ।
তদন্তরে যথাবিধি করিয়া তর্পণ।
গয়ামুণ্ডে বিষ্ণুপদ করিবে দর্শন ॥
সে পদ করিয়া স্পর্শ ভক্তিতে পূজন।
বিধিমত তথায় করিবে পিণ্ডার্পণ ॥
রুদ্র, ব্রহ্মা, দক্ষিণাগ্নী আর গার্হপত্য।
আহ্বানিয়া আর সব্য শক্র আর সত্য ॥
অগস্ত্য ক্রৌঞ্চ আর মতঙ্গ ষড়ানন।
মহা ঋষি কশ্যপ অমর গজানন ॥

এসকল তীর্থ নামে বেদী এক স্থানে।
পিণ্ডদান করিবেক পদ্ধতি বিধানে॥
শেষে গজকর্ণিকায় করিয়া তর্পণ।
কনকেশ কেদার নরসিংহ বামণ।
রথমার্গী দেবগণে করিবে অর্চ্চন।
এ দীনের গয়া ক্রিয়া হ'ল সমাপন॥

পঞ্চম দিনের ক্রিয়া।

প্রথমেতে গদা লোলে করিবেক স্নান।
পদ্ধতি বিধানে করিবেক পিণ্ডদান॥
অক্ষয় বটমূলে করিয়া পিণ্ডার্পণ।
ব্রহ্মার কল্পিত দ্বিজে করিবে পূজন॥
পুরধসে সাধ্যমতে করি ষোল দান।
করিবেক প্রাতঃসন্ধ্যা গায়ত্রী বন্ধান॥
সপিণ্ডের শ্রাদ্ধ অন্তে পিণ্ডের পাতন।
সমুদ্রেতে মধ্যাহ্ন সন্ধ্যা করি সম্পাদন॥
তদন্তরে ঐ তীর্থে করিবে পিণ্ডার্পণ।
সরস্বত্যা স্বাত্যা মধ্যে সায়ং সন্ধ্যাচরণ॥
বিশাল লেলিহান ভরত রাম নামে।
মুণ্ড পৃষ্ঠে পদাঙ্কিত স্থিত গয়াধামে।
আকাশ গঙ্গা গিরিকর্ণ মুখ বৈতরণী

ঘৃতকুল্যা মধুকুল্যা দেবী পুষ্করিণী ॥
শিলা সঙ্গম মধুশ্রেবা দশাশ্বমেধি ।
অমর কণ্টক আর কোটি তীর্থবেদী ॥
রুক্মিণীকুণ্ড যোদ্দর্শন আর কোটীশ্বর ।
দিবৌকসা গয়াকূপ মার্কণ্ড সর্বেশ্বর ॥
সঙ্গমতীর্থ ভস্মকূট ধেনু কাননে ।
পাণ্ডু শীলাস্থিত আছে পঙ্কজের বনে ।
ইহা আর কামধেনু নামে বিদ্যমান ।
নানা তীর্থ আছে গদাধর সন্নিধান ॥
তাহাতে করিবে স্নান অন্তেতে তর্পণ ।
বিধিমতে পূজা শ্রাদ্ধ করিবে পিণ্ডার্পণ ।
করিলে বৃষোৎসর্গ গয়াশির ধাবে ।
ত্রিসপ্তকুল তার গদাধর উদ্ধারে ॥
গয়াক্রিয়া আরম্ভিয়া সীমা সমাপন ।
যাত্রা যুদ্ধ নদী পার মিথ্যা আলাপন ॥
ভার্য্যাসঙ্গ দ্বিভোজন পরান্ন বর্জ্জন ।
হবিষ্যান্ন এ নিয়ম করিবে পালন ॥
মাতৃ পিতৃ দায় যাহা রাখেন সন্তানে ।
অনুভব হয় তাহা গয়া পিণ্ডদানে ॥
অতিরু নিষ্ঠুর হ'লে মাতৃ পিণ্ড কালে ।

বক্ষদেশ ভাসে তার নয়ন সলিলে ॥
গয়াকর্ম্ম না করিলে বৃথা সে জীবন
মানব দেহ ধারণে কি আছে প্রয়োজন ॥
গয়াকর্ম্ম অন্তে যখন স্বগ্রামে আসিবে।
আভ্যুদিক সমাপিয়া পুরে প্রবেশিবে ॥
গয়াতত্ত্ব ভক্তিভাবে যে করে শ্রবণ।
তাহার ফলের কথা না যায় লিখন ॥

পিণ্ড দান দ্রব্যাদি।

পায়সেনাথ চরুণা শক্তুনা পিষ্টকেন বা।
তণ্ডুলৈঃ ফলমুলাদ্যৈর্গয়ায়াং পিণ্ডপাতনং।
তিলাজ্যদধিমধ্বাদি পিণ্ডদ্রব্যেষু যোজয়েৎ।
মুষ্টিমাত্রপ্রদানেন আর্দ্রামলকমাত্রতঃ।
শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাদ্গয়াশিরে ॥
উদ্ধরেৎ সপ্ত গোত্রাণি কুলমেকোত্তরং শতং।

পরমান্ন চরু ছাতু পিষ্টক তণ্ডুল।
দধি অন্ন মধু কি কেবল ফলমুল ॥
এ সকল দ্রব্যে হয় পিণ্ডপোকরণ।
তিল গুড় ঘৃত তাহে করিবে মিলন ॥
এতদ্দারা করে যদি গয়া পিণ্ড দান।
পিতৃলোক মুক্ত হয় পুরাণ প্রমাণ ॥

মুষ্টি কি আদ্রক আমলকি সমান।
কিম্বা শমী পত্র তুল্য পিণ্ড পরিমাণ॥
গয়াসুর শির'পরে করিলে অর্পণ।
পিতৃ লোক স্থান পাণ বৈকুণ্ঠ ভবন॥

তীর্থ শ্রাদ্ধের প্রকরণ

নাবাহনং ন দিগ্‌বন্ধো ন দোষো দৃষ্টিসম্ভবঃ।
সকারুণ্যেন কর্ত্তব্যং তীর্থশ্রাদ্ধং বিচক্ষণৈঃ।

তীর্থ শ্রাদ্ধে আবাহন, দিগ্বন্ধন নাই অর্থাৎ দিগের আবরণ করিতে হয় না। নীচজাতীর দর্শন জন্য দোষ জন্মেনা, শুদ্ধ সকরুণে বিচক্ষণগণেরা শ্রাদ্ধ করিলেই সিদ্ধ হয়।

পিণ্ডাসনং পিণ্ডদানং পুনঃ প্রত্যবনে জলং।
দক্ষিণা চান্নসংকল্পং তীর্থশ্রাদ্ধেষয়ং বিধিঃ

শ্রাদ্ধাঙ্গীভুত আসনার্ঘ্য বাসাদি প্রদানের অপেক্ষা করেনা, কেবল পিণ্ডাসন কুশাস্তরণ ও পিণ্ডদান প্রত্যবনে জল অন্ন সংকল্প অর্থাৎ উদ্দেশ্য মাত্রায় প্রদান বিধেয়।

প্রেতশিলাদি পিণ্ড দানের পৃথক স্থানকে পঞ্চগব্যে শোধন করা আবিশ্যক।

তীর্থে প্রেতশিলাদৌ চ চরুণা সম্ভৃতেন বা।

প্রক্ষাল্য পূর্ব্বং তৎ স্থানং পঞ্চগব্যৈঃ পৃথক্ পৃথক্ ॥

প্রেতশিলাদিতে প্রথম পৃথক্ পৃথক্ পিণ্ডদানের স্থানকে পঞ্চগব্যে প্রক্ষালন দ্বারা পরিশোধন করত সম্মৃত চরুতে পিণ্ড দান কর্ত্তব্য।

ফাল্গুস্নান মন্ত্র।

ওঁ ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।
পিতৄণাং বিষ্ণুলোকায় ভক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে ॥

ফল্গু শ্রাদ্ধান্তে শিব প্রণাম মন্ত্র।

ওঁ নমঃ শিবায় দেবায় ঈশানপুরুষায় চ।
অঘোরবাসুদেবায় সদ্যোজাতায় শম্ভবে ॥

ধর্ম্মারণ্যের শ্রাদ্ধান্তে তত্রস্থ অশ্বত্থ প্রণাম মন্ত্র।

ওঁ নমস্তেঽশ্বত্থরাজায় ব্রহ্মবিষ্ণুশিবাত্মনে।
বোধিদ্রুমায় পিতৄণাং কর্ত্তৄণাং তারণায় চ ॥

গয়া তীর্থের শ্রাদ্ধান্তে দেবগণকে সাক্ষি করণ মন্ত্র

ওঁ প্রমাণং সন্তু মে দেবা লোকপালাশ্চ সাক্ষিণঃ।
ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা।

ব্রহ্মসরোবরের শ্রাদ্ধান্তে ব্রহ্ম নমস্কার মন্ত্র।

ওঁ নমো ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারণে ॥
ভক্তানাঞ্চ পিতৄণাং হি তারকায় নমো নমঃ ॥

গোপ্রচার সমীপে আম্রবৃক্ষ সেচন মন্ত্র

ওঁ আম্রবৃক্ষসরোদ্ভূতং সর্ব্বদেবময়ং তরুম্ ।
বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৃণাং মুক্তিহেতবে ।

যম বলি মন্ত্র

ওঁ যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং ব্যবস্থিতৌ ।
তাভ্যাং বলিং প্রযচ্ছামি পিতৃণাং মুক্তিহেতবে

কাক বলি মন্ত্র ।

ওঁ ঐন্দ্রবারুণবায়ব্যাং যাম্যাং বৈ নৈঋতীস্তথা ।
বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং ময়োজ্ঝিতং ॥

গয়াতে পিণ্ডদানের মন্ত্র ঃ

আচমন করিয়া স্বস্তি বচন ও সূর্য্যঃ, সোম ইত্যাদি মন্ত্র পাঠ করিবে ।

এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্ননাশায় নমঃ ১ ।
ওঁ সূর্য্যাদিপঞ্চদেবতাভ্যো নমঃ ২ ॥
ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ ৩ ।
ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ ৪ ॥
ওঁ মৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ ৫ ।
ওঁ নারায়ণায় নমঃ ৬॥ ওঁ শ্রীগুরবে নমঃ ৭ ।

তিল কুশ জলে সংকল্প

অদ্যেত্যাদি অমুকগোত্রস্য পিতুরমুকদেবঃ

শর্ম্মণঃ এবং পিতামহস্য নাম প্রপিতামহস্য নাম অমুকগোত্রস্য মাতামহস্য নাম প্রমাতামহস্য নাম বৃদ্ধপ্রমাতামহস্য নাম দেবশর্ম্মণঃ অক্ষয়স্বর্গকামঃ গয়ায়াং গয়াশিরে বিষ্ণুপদে পিণ্ডদানমহং করিষ্যামি।

কুরুক্ষেত্রে পাঠ।

করযোড়ে প্রার্থনা।

ওঁ আগচ্ছন্তু মহাভাগা বিশ্বেদেবা বরপ্রদাঃ।
যে চাত্র বিহিতাঃ শ্রাদ্ধে সাবধানা ভবন্তু তে॥

পিণ্ডদাতার উক্তি।

পিণ্ডদানমহং করিষ্যে।

পুরহিতের উক্তি।

কুরুষ্ব।

মণ্ডলের মন্ত্র।

নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বে সুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচ স্তা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে।

এই মন্ত্রে নৈঋতি ... হস্তকে আর ... বামাবর্ত্তে চতুষ্কোণ ...

ঐরূপ আর একটী মণ্ডল করিযা প্রাদেশ-প্রমাণ সাগ্রকুশপত্রদ্বয় উভয় হস্তের দ্বারায় ধৃত করিযা তদ্দাবায় মণ্ডলের মধ্যদেশে দুইটী রেখা করিবেক তাহার মন্ত্র ।

অপহতা অসুরা রক্ষাংসি বেদিসদ ।

ওঁ নিহন্মি ইত্যাদি মন্ত্র পাঠ করিবেক ॥

রেখার উপরে মণ্ডলের মধ্যে সাগ্র কতক কুশা পারিবেক । তাহার মন্ত্র ।

এতং পিতরঃ সৌম্যা সো গম্ভিভিঃ পথিভিঃ পূর্ব্বিনেভি দত্তাস্মভ্যং দ্রবিনেহ ভদ্রং রৈথিঞ্চনং সর্ব্ববীরং নিয়চ্ছতঃ । এই মন্ত্রে আবাহন করিযা ঐ তিলজল কুশের উপর দিবেক ।

তাহার পর সপুষ্প জল দক্ষিণ হস্তের দ্বারায় গ্রহণ করতঃ কুশের উপর প্রক্ষেপ করিবেক তাহার মন্ত্র । বিষ্ণুরোম অমুক গোত্র পিতরমুক দেবশর্ম্মণ বলেনিক্ষব যে চাত্রত্বা মনুজাংশ্চ ত্বমনু তস্মৈতে স্বধা ।

এই প্রকার আর্শি কুশের মূল মধ্য অগ্র দেশেতে ক্রমে পিত্রাদি ষট্ পুরুষের দিবে ।

তাহার পর [illegible] স্থানে

ক্রমে পিণ্ডদান করিবেক। পিণ্ড দক্ষিণ হস্তে লইয়া বাম হস্তে জল নিয়া মন্ত্র পাঠ করিবেক। মধুবাতা ঋতায়তে মধুক্ষরন্তি সিন্ধবঃ মাধ্বীর্ণঃ সন্তোষধীর্মধুনক্ত মুতোশসো মধুমাৎ পার্থিবং রজ মধুদ্যৌঃ রস্তপিতা মধুমান্নো বনস্পতি মধুমাং অস্তু সূর্য্যো মাধ্বীগাবো ভবন্তুতে মধু মধু মধু।

পিণ্ডদানের মন্ত্র।

অক্ষন্নমী মদন্ত হ্যবপ্রিয়া অধূষত অস্তো যত স্বভানবো বিপ্রাগবিষ্ট যা মতী যোজান্বিন্দ্রাতে হরিঃ বিষ্ণুরোম অমুক গোত্রে পিতঃ অমুক দেবশর্ম্মণ গয়ায়াং গয়া শিরষে বিষ্ণুপদে এষতে পিণ্ডঃ যেচাএত্বা মনুযাংশ্চ ত্বমনু তস্মৈতে স্বধা এবং এইরূপে সকল পুরুষের পিণ্ডদান করিয়া পিণ্ডপাত্রে প্রক্ষালন জলের দ্বারায় বিষ্ণুরোম অমুক গোত্রে পিতঃ অমুক দেবশর্ম্মণ অবনেনিক্ষব যেচাএত্বা মনুয়াংশ্চ ত্বমনু তস্মৈতে স্বধা। এইরূপে ষট্ পুরুষের পিণ্ডে প্রত্যবনিক্ষ দান করিয়া পিণ্ড পূজা করিয়া ওঁ বস[illegible]ায় নমস্তভ্যং গ্রীষ্মা[illegible] নমোনমঃ। বর্ষাভ্যশ্চ শ[illegible]ঋতবে চ নমঃ সদা হেমন্তায় নমস্তভ্যং [illegible]য় চ। মাস

সংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমোনমঃ এই নমস্কার করিয়া দক্ষিণা বাক্য ও বৈগুণ্য স্মরণ করিবেক।

১। এই প্রকার সমস্ত পুরুষের সাপিণ্ড সাকুল্য সগোত্রে বন্ধুবান্ধব ইত্যাদির প্রত্যেকের নাম উল্লেখে মধুবাতা মন্ত্র হইতে পিণ্ডদানের মন্ত্র পাঠ করিয়া এক এক পিণ্ড প্রদান করিবেক, এবং প্রত্যেক নামের পর গয়ায়াং গয়াশিরে যখন যে তীর্থে অর্থাৎ যে স্থানে পিণ্ডদান করিবে সে স্থানের নাম উল্লেখে পিণ্ড প্রদান করিবেক।

২। শূদ্রাদি অন্য জাতীর বেদোক্ত মন্ত্র স্থলে এবং স্বধা স্থলে নমঃ পাঠ করিবে। ব্রাহ্মণের স্ত্রীলোকের পক্ষেও সেইরূপ। পুরুষদিগের সম্বন্ধে গোত্রে ইত্যাদিতে পুংলিঙ্গ ও স্ত্রীলোক-দিগের সম্বন্ধে গোত্রে ইত্যাদিতে স্ত্রীলিঙ্গ ব্যবহার করিতে হইবে। প্রনবের স্থলেও ঐ সকল জাতী নম পাঠ করিবে।

৩। যজুর্ব্বেদ ও ঋগ্বেদে এমন্তে পিণ্ডং [illegible]লে এতত্তে পিণ্ডং বক্তিত হইবে।

৪। ষোড়শ [illegible] দানসাগর বৃষোৎসর্গ পার্ব্বণ ইত্যা[illegible] অনুক[illegible]রে করিতে হইবে।

পিতৃ ষোড়শী শ্রাদ্ধং।

ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥১
ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥২
ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥৩

এই তিনটী মন্ত্র পাঠ করিয়া আস্তীর্ণ কুশে সতিলজলে আহ্বান ও অর্চ্চনা করিয়া পিণ্ডদান কর্ত্তব্য।

পিণ্ডদান মন্ত্র

ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধারণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥ ১
ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ইত্যাদি ॥ ২
ওঁ বন্ধুবর্গকুলে যে চ ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৩
ওঁ অজাতদন্তা যে কেচিৎ যে চ গর্ভে প্রপীড়িতাঃ
ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৪
ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে কেচিন্নাগ্নিদগ্ধাস্তথাপরে।
বিদ্যুচ্চৌরহতা যে চ তে[illegible] পিণ্ডং দদাম্যহং ॥
ওঁ দাবদাহে মৃতা যে[illegible]ব্যাঘ্র[illegible]শ্চ যে।

দংষ্ট্রিভিঃ শৃঙ্গিভির্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৬

ওঁ উদ্বন্ধনে মৃতা যে চ বিষশস্ত্রহতাশ্চ যে।

আত্মোপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥৭

ওঁ অরণ্যে বর্ত্মনি রণে ক্ষুধয়া তৃষ্ণয়া হতাঃ।

ভূতপ্রেতপিশাচাশ্চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥ ৮

ওঁ রৌরবে চান্ধতামিস্রে কালসূত্রে চ যে গতাঃ।

তেষামুদ্ধারণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং ॥ ৯

ওঁ অনেকযাতনাসংস্থাঃ প্রেতলোকঞ্চ যে গতাঃ।

তেষামুদ্ধারণার্থায় ইত্যাদি। ১০

ওঁ অনেকযাতনাসংস্থা যে নীতা যমকিঙ্করৈঃ।

তেষা ইত্যাদি ॥ ১১।

ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।

তেষা ইত্যাদি ॥ ১২।

ওঁ পশুযোনিগতা যে চ পক্ষিকীটসরীসৃপাঃ।

অথবা বৃক্ষযোনিস্থাস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥ ১৩

ওঁ জাত্যন্তরসহস্রেষু ভ্রমন্তে স্বেন কর্ম্মণা।

মানুষ্যং দুর্ল্লভং যেষাং তেভ্যঃ পিণ্ডং দদাম্যহং ॥১৪

ওঁ দিব্যন্তরীক্ষভূমিষ্ঠাঃ পিতরো বান্ধবাদয়ঃ।

প্রেতা অ[illegible]ংস্কৃতা যে চ [illegible]ভ্যঃ পিণ্ডং দদাম্যহং। ১৫

ওঁ যে কেচি[illegible] অমুক[illegible] বর্ত্তন্তে পিতরো মম।

তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু পিণ্ডদানেন সর্ব্বদা। ১৬
ওঁ যে বান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্ত অক্ষয্যমুপতিষ্ঠতাং। ১৭
ওঁ পিতৃবংশে মৃতা যে চ মাতৃবংশে চ যে মৃতাঃ।
গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবা মৃতাঃ॥
যে যে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদারবিবর্জ্জিতাঃ।
ক্রিয়ালোপগতা যে চ জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা॥
বিরূপা আমগর্ব্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম।
তেষাং পিণ্ডো ময়া দত্ত অক্ষয্যমুপতিষ্ঠতাং। ১৮

ওঁ আব্রহ্ম নো যে পিতৃবংশজাতা মাতুস্তথা বংশভবা মদীযাঃ। কুলদ্বয়ে যে মম দাসভূতা ভৃত্যাস্তথৈবাশ্রিতসেবকাশ্চ। মিত্রাণি সখ্যঃ পশবশ্চ ব্রহ্মা দৃষ্টা হ্যদৃষ্টাশ্চ কৃতোপকারা জন্মান্তরে যে মম দাসভূতাস্তে তেভ্যঃ স্বধা পিণ্ডমহং দদামি॥ ১৯

মাতৃষোড়শী শ্রাদ্ধ

দক্ষিণাগ্র পাতিত কুশের পরি সতিল জল প্রোক্ষণ পূর্ব্বক কুশ মূলাদৌ ক্রমে পিণ্ড নিপাতন কর্ত্তব্য।

ওঁ গর্ব্ভাদবগমে চৈব বি[illegible] মিবৰ্ত্মনি।
তস্যা নিষ্ক্রমণার্থায় [illegible] ম্যহং॥ ১।

ওঁ মাসি মাসি কৃতং কষ্টং বেদনা প্রসবেষু চ।
তস্যা ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ২।
ওঁ শৈথিল্যে প্রসবে চৈব মাতুরত্যন্তদুষ্করং।
তস্যা পূর্ব্ববৎ । ৩।
ওঁ পদ্ভ্যাং জনয়তে মাতুর্দুঃখঞ্চৈব সুদুষ্করং।
তস্যা পূর্ব্ববৎ ॥ ৪।
ওঁ অগ্নিনা শোষতে দেহং ত্রিরাত্রানশনেষু চ।
তস্যা পূর্ব্ববৎ ॥ ৫।
ওঁ পিবেচ্চ কটুদ্রব্যাণি ক্লেশানি বিবিধানি চ।
তস্যা পূর্ব্ববৎ ॥ ৬।
ওঁ দুর্ল্লভং ভক্ষ্যদ্রব্যস্য ত্যাগে বিন্দতি যৎফলং।
তস্যা পূর্ব্ববৎ ॥ ৭।
ওঁ রাত্রৌ মূত্রপুরীষাভ্যাং ভিদ্যতে মাতৃকর্পটং
তস্যা পূর্ব্ববৎ । ৮।
ওঁ পুত্রে ব্যাধিসমাযুক্তে মাতৃদুঃখমহর্নিশং।
তস্যা পূর্ব্ববৎ । ৯।
ওঁ যদা পুত্রো ন লভতে তদা মাতুশ্চ শোচনং।
তস্যা পূর্ব্ববৎ ॥ ১০
ওঁ ক্ষুধা বিহ্বলে [illegible] দাতি নির্ভরং স্তনং।
তস্যা পূর্ব্ববৎ ॥ ১১।

অমুক

ওঁ দিবারাত্রৌ যদা মাতুঃ শোষণঞ্চ পুনঃ পুনঃ
তস্যা পূর্ব্ববৎ । ১২ ।
ওঁ পূর্ণে তু দশমে মাসি মাতুরত্যন্তদুষ্করং ।
তস্যা পূর্ব্ববৎ । ১৩ ।
ওঁ গাত্রভঙ্গো ভবেন্মাতুস্তৃপ্তিং নৈব প্রযচ্ছতি ।
তস্যা পূর্ব্ববৎ ॥ ১৪ ।
ওঁ অল্পাহারবতী মাতা যাবৎ পুত্রোঽস্তি বালকঃ ।
তস্যা পূর্ব্ববৎ ॥ ১৫ ।
ওঁ যমদ্বারে মহাঘোরে পথি মাতুশ্চ শোচনং ।
তস্যা পূর্ব্ববৎ । ১৬ ।

এতাংশ্চ সর্ব্বমন্ত্রাংশ্চ স্ত্রীলিঙ্গাংশ্চ সমুহ্য চ ।
পিণ্ডান্ দদ্যাদ্‌যথাপূর্ব্বং স্ত্রীণাং মাত্রাদিকান্ ক্রমাৎ ॥

স্ত্রীলোকদিগের শ্রাদ্ধে উক্ত মন্ত্র বর্ণাদি দ্বারা স্ত্রীলিঙ্গে নিষ্পান্ন করিয়া মাতা প্রভৃতি স্ত্রীলোক-দিগের প্রত্যেক নাম উল্লেখে যথাক্রমে পিণ্ডদান করা কর্ত্তব্য । তদন্যথা করিলে বচনান্তরে শ্রাদ্ধ নিষ্ফল হয় ॥

দেবগণকে সা মন্ত্র

ওঁ সাক্ষিণঃ সন্তু মে, দ্রয়স্তথা;

ময়া গয়াং সমাসাদ্য পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা ॥

তদনন্তর আদি গদাধরকে সাক্ষি করণ মন্ত্র

ওঁ আগতোস্মি গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর ।
ত্বমেব সাক্ষী ভগবন্ননৃণোহমৃণত্রয়াৎ ॥

সর্ব্বস্থানেষু চৈবং স্যাৎ পিণ্ডদানন্তু নারদ ।
প্রেতপর্ব্বতমারভ্য কুর্য্যাত্তীর্থেষ্বনুক্রমাৎ ॥

সনৎ কুমার নারদ সংবাদে, প্রেত পর্ব্ব অবধি সকল স্থানে সকল তীর্থে পিণ্ডদান কর্ত্তব্য

প্রেত পর্ব্বতে তিল মিশ্রিত শক্তু নিঃক্ষেপ মন্ত্র ।

ওঁ যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শক্তুভিস্তিলমিশ্রিতৈঃ ॥

গয়াধামের বর্ণন ।


প্রফুল্ল অন্তরে ব্রহ্মা করিয়া মনন ।
গয়াক্ষেত্র মহাতীর্থ করিলে রচন ।
চতুর্দ্দিকে উচ্চ গিরি কিবা শোভাপায় ।
দেখিলে অন্তরে হয় আনন্দ উদয় ॥
ক্ষুদ্র [illegible] পাণে নির্ম্মি[illegible]থ দুই পাশে হর্ম্ম্য ।
দ্বিজগণ [illegible] অমূক[illegible]রা মনোরম্য ॥

স্থানে স্থানে সরোবর অতি মনোহর।
দেখিলে প্রফুল্ল হয় তাপিত অন্তর॥
চতুঃষ্পারে শোভাকরে পাষাণ সোপানে।
নানা পুষ্প ধরে থাকে তটের উদ্যানে॥
তাহার সৌরভে তৃপ্তি দিবানিশি করে।
রজনীতে জ্বলে বাতি প্রতি ঘরে ঘরে॥
তাহার আলোকে দীপ্তি হয় চমৎকার।
অতি উচ্চ হর্ম্ম্য শ্রেণী পথের দুধার॥
পূর্ব্বদিকে ফল্গুতীর্থ জল টলমল।
বিপ্রে করে বেদপাঠ শুনিতে কোমল॥
ফল্গু তটে গয়াশির পাষাণে স্থাপন।
অঙ্কিত আছেন তাহে কেশব চরণ॥
দরশনে মানবের মুক্তি লাভ হয়।
শাস্ত্রের কথিত বিধি নাহিক সংশয়।
গন্ধতুলসীতে হয় সে পদ অর্চ্চণ।
সর্ব্বদাই লোকারণ্য আনন্দ ভবন।

বিষ্ণুপদের মন্দির আদির বর্ণন ।

প্রস্তরেতে সুনির্ম্মাণ, অতিব প্রবীণ স্থান,
উচ্চতার করিলে দর্শন ।
চূড়া ধুধু দৃষ্টি হয়, শিরে বস্ত্র নাহি রয়,
সাধ্য কিবা করিব বর্ণন ॥
চতুর্দ্দিকে তরুলতা, তাহে পুষ্প বিনির্গতা,
সুখোদিত আছে স্থানে স্থান ।
নিরীক্ষণে মনে লয়, মানবের কৃত নয়,
হবে বিশ্বকর্ম্মার নির্ম্মাণ ॥
ধ্বজকুম্ভ স্বর্ণময়, তাহে দীপ্তি অতিশয,
চূড়ার উপর আছে স্থিতি ।
প্রভাতের প্রভাকর, তার তুল্য মনোহর,
জ্যোতির্যুক্ত চূড়ার আকৃতি ॥
সম্মুখেতে নাট্যশালা, চতুষ্পার্শ্বে দুইতালা,
মধ্য গৃহে বিস্তারিত স্থান ।
কত স্বর্ণ দান-সাগর, কত অন্ন জলধার,
সর্ব্বদাই তাহে হয় দান
উপরিভাগেতে গান বাদ্য নানা রাগে,
[illegible] রজনী ।

বাজে ঢোল টিক্রা কাঁসি, রোশন্চৌকি সানবাঁশী,
মন হরে শুনিলে সে ধ্বনি।
দ্বারে দ্বারে আছে স্থিত, ভক্তগণের নামাঙ্কিত,
যাত্রীকের পদার্পণ আশে।
পুর মধ্যে প্রবেশীতে, দ্বার রাখে প্রহরিতে,
স্থাপিতাছে তার দুই পাশে॥
এক পার্শ্বে গদাধর, পর পার্শ্বে রঘুবর,
লক্ষ্মণার জনক নন্দিনী।
অহল্যা রাজবনিতা, পাষাণেতে সুনির্ম্মিতা,
বসে আছে যেন তপস্বিনী॥
মালাকার পুষ্পমালা, তুলসীপত্রের ডালা,
পূর্ণ করি রাখিছে দোকান।
কেশব চরণার্চ্চনে, দিতে সহ সুচন্দনে,
নিতেছেন যত পুণ্যবান॥
অহল্যাবাই নিজ ধনে, মন্দিরাদি নিরমাণে,
লভিছেন কত পুণ্যরাশি।
কীর্ত্তি যশে মনে লয়, তিনি যেন মৃতা নয়,
ধন্যা সেই রাজ্যের মহিষী



বিষ্ণু পদচিহ্নের শিলার বর্ণন।

অষ্ট কোণ রৌপ্যকুণ্ডে, বিষ্ণুপদ গয়ামুণ্ডে,
তার'পরে রজতের ছাতি।
জ্বলিতেছে দিবানিশি, নাশিতে তিমিররাশি,
চতুর্দ্দিকে ঘৃতযুক্ত বাতি॥
প্রতিদিন সন্ধ্যাতীতে, পবিত্রতা সম্পাদিতে,
বিষ্ণুপদে অভিষেক হয়।
তদন্তরে পদ চিহ্নে, আলতাদি নানা বর্ণে,
সুচিত্রিত হয় অতিশয়॥
হেম মধ্যে যেন মতি, শ্রীপদে শোভে তেমতি,
সাজ হয় অতি মনোলোভা।
পুষ্পগন্ধ মন্দ মন্দ, মধুলোভে অলিবৃন্দ,
উড়ে পড়ে কিবা হয় শোভা॥
ও-ক্ষুর [illegible]কে ভক্তগণে, নৃত্য করে কায়মনে,
শব্দমাত্র করে ভগবন।

কেহ করে নিরঞ্জন, দেখিতে উল্লাস মন,
কেহ করে চামর ব্যজন।
সংকীর্ত্তন হরি ধ্বনি, মৃদঙ্গ মন্দিরা ধ্বনি,
শঙ্খ ঘণ্টা বাজে করতাল।
হয় নানাবিধ স্তুতি, পাঠ হয় বেদ শ্রুতি,
শ্রবণেতে আশ্চর্য্য রসাল
সেবকেরা এক পাশে, থাকে অর্থ অভিলাষে,
গদাধর আশা, পূর্ণ করে।
রোগ শোক যায় দুরে, প্রবেশ করিলে পুরে,
রবি যেন অন্ধকার হরে।

মানসিংহ রাজা কর্ত্তৃক গয়াসুরের লব্ধ বর পরীক্ষা,

গয়াসুরে বর দেন প্রভু ভগবান
উঠিতে সক্ষম হবে বিনে পিণ্ডদান॥
মানসিংহ নামে এক প্রধান রাজন।
বিষ্ণুদত্ত গয়াবর পরীক্ষা কারণ॥
অন্য লোকে পিণ্ড দিতে নিবারণ করে।
গয়া পাশে বসে রাজা পিণ্ড নিয়া করে॥
যখন রবির অস্তে হইল তিমির।
বিনা পিণ্ডে উঠিতে উদ্যত গয়াবীর॥
অগোণেতে মহারাজা পিণ্ড সমর্পিল।

না উঠিয়া গয়াসুর অমনি রহিল ॥
একারণে করট ভাবে আছে গয়াশির।
পদ চিহ্নে দৃষ্টি হয় দিলে গঙ্গানীর ॥
দেব বর পরীক্ষাতে ভ্রান্তি হয় সার।
পরীক্ষাতে দৃঢ় চিত্ত হইল রাজার ॥
যাহা হতে ভবনদী হয় পারাপার।
যিনি বটে রজোগুণে এ সংসারে সার ॥
যাহার কৃপাতে হয় জীবের নিস্তার।
যেই পদে পিণ্ডদানে জীবের উদ্ধার ॥
তদাজ্ঞা হবে না বৃথা থাকিতে সংসার।
দেবাজ্ঞা পরীক্ষা করা নিতান্ত অসার ॥

সমাপ্ত।

রেলওয়ের গাড়ীভাড়ার লিষ্ট।

তৃতীয় শ্রেণীর গাড়ীভাড়া।

হাবড়া হইতে বৈদ্যনাথ পর্য্যন্ত	২॥৵০
বৈদ্যনাথ হইতে বাকীপুর পর্য্যন্ত	১৵৬
	৪।৵৬
বাকীপুর হইতে গয়াধাম	৸০
	৫৵৬

পাত্রপাত্রীগণ।

পুরুষ।

গয়ারাম	... ...	অবতার।
দর্পনারায়ণ	... ...	গয়ারামের ভাই (জয়েণ্ট অবতার)
ছকড়ি	... ..	গয়ারামের মজাদার খুড়তুতো ভাই
প্রমথ	... ..	পাটনার উকীল
হলাহলানন্দস্বামী	...	ইংরাজী সন্ন্যাসী
গোপাল (বধ)	..	প্রমথবাবুর বালক ভৃত্য

চাঁদা, বেচারাম, মথুর, ভক্তগণ, সম্পাদক ইত্যাদি

স্ত্রী

হিল্লোলা	... ...	প্রমথবাবুর স্ত্রী
মেনকা	... ...	গয়ারামের স্ত্রী (বড়বৌ)

কল্লিনীনাশিনী
প্রভাত
ইন্দিরা
ডালি
টুনী } .. হিল্লোলার বন্ধুগণ

পরিচারিকাগণ